

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি তথ্য সার্ভিস এর আঞ্চলিক কার্যালয় রংপুর

পেপার ক্লিপিং

দৈনিক

আমরা মানবতার পক্ষে

যুগের আলো

উত্তরাঞ্চলের সর্বাধিক প্রচারিত প্রথম শ্রেণির বাংলা দৈনিক
সোমবার ২১ কার্তিক ১৪৩০ : ০৬ নভেম্বর ২০২৩

রংপুর অঞ্চলে আশা জাগাচ্ছে ত্রি উদ্ভাবিত ধান



● স্টাফ রিপোর্টার

ধানের নতুন নতুন জাত উদ্ভাবিত হওয়ায় কৃষি জমি ক্রমাগত সংকোচিত হওয়া সত্ত্বেও এই বিপুল জনসংখ্যার জন্য ফসল উৎপাদন খেমে নেই বরং প্রতিবছর বেড়ে চলেছে। আর এই অপার সাকল্যের পেছনে রয়েছে সরকারের সমন্বিত পদক্ষেপ এবং কৃষি বিজ্ঞানী, কৃষি সম্প্রসারণবিদ ও কৃষকদের ঐকান্তিক এবং নিরলস প্রচেষ্টা। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ত্রি) উদ্ভাবিত আগাম জাতগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। চলতি আমন মৌসুমে প্রায় ৪০ শতাংশ জমিতে ত্রি উদ্ভাবিত ধান আবাদ হয়েছে। এতে রংপুর অঞ্চলের ৫ জেলার কৃষকরা বাড়তি ২ লাখ মেট্রিক টন বাড়তি উৎপাদন সম্ভব হয়েছে।

কৃষি ও ত্রি অফিস সূত্রে জানা গেছে, রংপুর অঞ্চলের

৫ জেলায় এখন আমন ধানের আবাদ হয়েছে প্রায় সোয়া ৬ লাখ হেক্টর জমিতে। এর মধ্যে প্রায় ৪০ শতাংশ প্রায় আড়াই লাখ হেক্টর জমিতে ত্রি উদ্ভাবিত উচ্চ ফলনশীল ধান উৎপাদন হয়েছে। স্থানীয় জাতের হাইনজা, মালসিরা, নাজির সাইল রসুল ভোগ ইত্যাদি আমন ধান সাধারণত প্রতি হেক্টরে ৩ থেকে সাড়ে ৩ টন ফলন পাওয়া যায়। অপরদিকে ত্রি উদ্ভাবিত ত্রি ধান ৭৫, ত্রি ধান ৮৭, ত্রি ধান ৯৩, ৯৪, ৯৫ ও ত্রি হাইব্রিড ধানে পরন পাওয়া গেছে সাড়ে ৬ মেট্রিক টন করে। ফলে ত্রি উদ্ভাবিত আগাম ও নরমাল ধান মিলে কৃষকরা বাড়তি উৎপাদন হয়েছে প্রায় ২ লাখ মেট্রিক টন। ত্রি অফিস জানায়, ত্রি ধান ৭৫, ত্রি ধান ৮৭, ত্রি ধান ৯৩, ত্রি ধান ৯৫ ও ত্রি হাইব্রিড-৬ ধানের বীজ ২ এর পাতা ৩ ক:

রংপুর অঞ্চলে আশা জাগাচ্ছে

বিতরণ করা হয় কৃষকদের মাঝে। ত্রি রংপুর ও অধিক ফলনশীল হাইব্রিড ধানের জাত উদ্ভাবন, গবেষণা ও আধুনিকায়ন প্রকল্পের আওতায় ত্রি উদ্ভাবিত নতুন জাত ত্রি ধান ৭৫, ত্রি ধান ৯৫ এবং ত্রি হাইব্রিড ধানের জমিতে প্রদর্শনী স্থাপন করা হয়। সেই প্রদর্শনীর ফলাফলে দেখা যায় যে ত্রি ধান ৭৫ এর ফলন ৬ দশমিক ৯৭ টন প্রতি হেক্টরে ও ত্রি হাইব্রিড ধান ৬ এর প্রতি হেক্টরে ৬ দশমিক ৬২ টন ফলন পাওয়া গেছে। রংপুরের কাউনিয়া উপজেলার কুর্শা ইউনিয়নের আমন চাষি আফজাল হোসেন, নুরুজ্জামান জানান, তারা এবার ত্রি উদ্ভাবিত ধান আবাদ করে প্রায় দ্বিগুণ ফসল পেয়েছেন। রংপুর ত্রি কার্যালয়ে বৈজ্ঞানিক কর্মকর্তা ও ইনচার্জ রাকিবুল হাসান বলেন, এবার প্রাকৃতিক দুর্যোগ না থাকায় আমনের ফলন ভাল হয়েছে। কৃষকরা ত্রি উদ্ভাবিত বিভিন্ন জাতের ধান প্রতি হেক্টরে ৬ থেকে সাড়ে ৬ মেট্রিক টন ফলন পেয়েছেন। □